গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.০০০.২৩.০০০১.২৬- ৩৭৭ তারিখ : ১২ই জুলাই ২০২৬

**প্রবন্ধ রচনা প্রতিযোগিতা ২০২৬-এর বিজ্ঞপ্তি**

আন্তর্জাতিক আদিবাসী দিবস প্রতিবছর ৯ই আগস্ট বিশ্বব্যাপী পালিত হয়। দিবসটির উদ্দেশ্য হলো আদিবাসী ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য, জ্ঞান, অধিকার এবং টেকসই উন্নয়নে তাদের অবদান সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। এ উপলক্ষ্যে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের গবেষণা বিভাগ কর্তৃক স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যদের অংশগ্রহণে তাদের সৃজনশীল চিন্তাশক্তি, বিশ্লেষণী দক্ষতা এবং লেখনী প্রতিভা বিকাশের লক্ষ্যে প্রবন্ধ রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

**প্রতিযোগিতার নিয়মাবলি:**

- প্রবন্ধ রচনার বিষয় : **বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষা ও সংস্কৃতি অধ্যয়নের ভূমিকা (The Role of Studying the Languages and Cultures of Indigenous Ethnic Communities in the Economic Development of Bangladesh)**।
- অংশগ্রহণকারীরা বাংলাদেশের যেকোনো একটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী (যেমন—চাকমা, মারমা, ত্রিপুরা, সাঁওতাল, গারো, খাসি, মণিপুরী, ম্রো, তঞ্চঙ্গ্যা, রাখাইন, হাজং, ওরাঁও, মুন্ডা, পাংখোয়া, খুমি, চাক, বম, কোচসহ অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠী) অথবা সামগ্রিকভাবে বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ভাষা ও সংস্কৃতি নিয়ে প্রবন্ধ রচনা লিখতে পারবেন।
- অংশগ্রহণের বিভাগ :
  - ক গ্রুপ: স্কুল পর্যায়ের শিক্ষার্থী (ষষ্ঠ–দশম শ্রেণি)।
  - খ গ্রুপ: একাদশ ও দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী।
  - গ গ্রুপ: স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থী।
  - ঘ গ্রুপ: বাংলাদেশের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যগণ।
- প্রবন্ধ রচনা অবশ্যই মৌলিক, স্বরচিত ও অপ্রকাশিত হতে হবে।
- লেখায় মূল্যবোধের সঙ্গে সাংঘর্ষিক কোনো বিষয় উল্লেখ করা যাবে না।
- প্রবন্ধ রচনার শব্দসংখ্যা অনধিক ২,০০০ (দুই হাজার)।
- বাংলায় লেখার ফন্ট হবে SutonnyMJ ১৪, ইংরেজির ক্ষেত্রে Times New Roman ১২ এবং প্যারাগ্রাফ লাইন স্পেস হবে ১.৫।
- প্রত্যেক অংশগ্রহণকারী শুধু একটি প্রবন্ধ রচনা জমা দিতে পারবেন।
- প্রবন্ধ রচনার সঙ্গে অংশগ্রহণকারীর নাম, শিক্ষাপ্রতিষ্ঠানের নাম (প্রযোজ্য ক্ষেত্রে), শ্রেণি/বর্ষ (প্রযোজ্য ক্ষেত্রে), মোবাইল নম্বর এবং পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ করতে হবে।
- ঘ গ্রুপ: ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যদের ক্ষেত্রে কোনো বয়সসীমা বা শিক্ষাগত যোগ্যতার বাধ্যবাধকতা নেই। তবে প্রবন্ধ রচনার সঙ্গে অংশগ্রহণকারীর সংশ্লিষ্ট ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নাম উল্লেখ করতে হবে।
- বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত এবং সর্বজনগ্রাহ্য বলে বিবেচিত হবে।
- প্রবন্ধ রচনা শুধু ই-মেইলের মাধ্যমে পাঠাতে হবে। ই-মেইল: rmcimli2010@gmail.com। ই-মেইলের বিষয় (Subject): প্রবন্ধ রচনা প্রতিযোগিতা–২০২৬ (ক/খ/গ/ঘ গ্রুপ)।
- প্রবন্ধ রচনা জমাদানের শেষ তারিখ : ৩১শে জুলাই ২০২৬।
- প্রতি গ্রুপে প্রবন্ধ রচনা প্রতিযোগিতায় নির্বাচিত সেরা তিনজন প্রতিযোগীকে পুরস্কার প্রদান করা হবে।

১২/৭/২০২৬
(অধ্যাপক ড. মুহাম্মদ আসাদুজ্জামান)
পরিচালক
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)